**দানা ফসল:**

| ক্র. নং. | ফসল | জাত | বৈশিষ্ট্য | ছবি |
|---|---|---|---|---|
| ১. | কাউন | বারি কাউন-২ | ▪ জীবন কাল ১২০-১২৫ দিন (রবি মৌসুমে) এবং ৭৫-৮৫ দিন (খরিফ মৌসুমে)।<br>▪ গাছগুলো মাঝারি লম্বা (১২০-১২৫ সেঃমিঃ) এবং শীষগুলো বেশ লম্বা (২০-২৫ সেঃমিঃ), মোটা এবং লোমশ। হাজার দানার ওজন ২.৫৫ গ্রাম।<br>● ফলন: ২.৭৫ - ৩.০০ টন/হেক্টর (রবি মৌসুমে) এবং ২.০-২.৫ টন/ হেক্টর (খরিফ মৌসুমে)। |  |
| | | বারি কাউন-৩ | ▪ জীবন কাল ১২০-১২৫ দিন।<br>▪ জাতটি খাট প্রকৃতির (৪৫- ৫০ সেঃমিঃ) ফলে নুয়ে পড়েনা, গাছের পাতাগুলো খাড়া ও অগ্রভাগ সূচালো হওয়ায় পাখির আক্রমণ প্রতিরোধ করতে পারে। শীষগুলো বেশ লম্বা (২০-২৫ সেঃ মিঃ), মোটা এবং লোমশ। বীজ বাদামী বর্ণের এবং মাঝারি আকারের। হাজার দানার ওজন ২.৩৬ গ্রাম।<br>▪ ফলন: ২.৫০ – ৩.০ টন/হেক্টর। |  |
| | | বারি কাউন-৪ | ▪ জীবন কাল ১০৫-১১৫ দিন।<br>▪ জাতটির কান্ড শক্ত ও গাছ তুলনামূলক খাট (গড় উচ্চতা ১০৫ সে.মি.)।<br>▪ ফলন: ৩.৫৩ টন/হেঃ যাহা বারি কাউন-২ এর চেয়ে ১৬% বেশি। |  |
| ২. | যব/ বার্লি | বারি বার্লি-৬ | ▪ জীবনকাল ৯৮-১০২ দিন।<br>▪ গাছের উচ্চতা ৮৫-৯০ সে মি। শীষ ১০-১২ সে.মি. পর্যন্ত লম্বা হয়। বীজ ৬ সারি বিশিষ্ট এবং খোসামুক্ত (Hull-less)। প্রতিটি শীষে ৪৮-৬৫ টি বীজ থাকে। হাজার দানার ওজন ৩৫-৩৮ গ্রাম।<br>▪ ফলন: ২.৫০-২.৭৫ টন/ হেক্টর। |  |
| | | বারি বার্লি-৭ | ▪ জীবনকাল ৯০-১০৫ দিন।<br>▪ জাতটির শীষ ছয় সারি বিশিষ্ট ও দানাগুলো খোসামুক্ত (Hull-less)। গাছ খাটো আকৃতির, গাছের উচ্চতা ৫০-৬৫ সেঃমিঃ।<br>▪ হাজার দানার ওজন ৩০-৪০ গ্রাম।<br>▪ ফলন: হেক্টর প্রতি ফলনঃ ২.২০-২.৫০ টন। |  |
| | | বারি বার্লি-৯ | ▪ কম উর্বর, খড়াপিড়ীত ও চরঅঞ্চলে চাষের জন্য বিশেষভাবে উপযোগী।<br>▪ জীবনকাল ৯৭-৯৯ দিন।<br>▪ গাছের গড় উচ্চতা ১০০ সে.মি । শীষ ৮.৯ সে.মি. লম্বা হয়। প্রতিশীষে গড়ে ৩৮টি করে দানা থাকে । শীষ ৬ সারি বিশিষ্ট এবং দানা খোসামুক্ত (Hull-less)। হাজার দানার ওজন ৩৬ গ্রাম।<br>▪ ফলন: ২.২ টন/হেক্টর |  |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | চিনা | বারি চিনা-১ (তুষার) | ▪ জীবন কাল ৯০- ৯৫ দিন।<br>▪ স্থানীয় জাতের চেয়ে প্রায় ১০ দিন আগে পাকে এবং ফলন ৩৫-৪০% বেশী।<br>▪ গাছগুলো মাঝারি লম্বা (৭০-৭৫ সেঃমিঃ) এবং তুলনামুলকভাবে বেশ শক্ত, ফলে সহজে নুয়ে পড়ে না। এর শীষগুলো বেশ লম্বা (২০ সেঃমিঃ) এবং শীষে বীজগুলো গুচ্ছ আকারে থাকে। বীজের রং হালকা ঘিয়ে এবং আকারে বেশ বড়।<br>▪ ফলন: গড় ফলন ৩.০০ টন/হেক্টর। |  |
| ৪. | গম | বারি গম ৩৩ | ▪ ব্লাষ্ট রোগপ্রতিরোধী এবং জিংক সমৃদ্ধ (৫৫-৬০ পিপিএম) জাত।<br>▪ কান্ড শক্ত, সহজে হেলে পড়ে না।<br>▪ কান্ড ও পাতা গাঢ় সবুজ বর্ণের।<br>▪ শীষ লম্বা এবং প্রতি শীষে দানার সংখ্যা ৪২-৪৭ টি।<br>▪ দানার, চকচকে ও আকারে মাঝারী (হাজার দানার ওজন ৪৫-৫২ গ্রাম)।<br>▪ উপরের গীটে শুং আছে।<br>▪ নিশান পাতা চওড়া ও হেলানো।<br>▪ ফলন: গড় ফলন ৪.০-৫.০ টন/হেক্টর। |  |